



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



(প্রেস বিজ্ঞপ্তি)

ঘূর্ণিঝড় ইয়াস মোকাবেলায়

চসিকের নিয়ন্ত্রণ কক্ষ চালু

চট্টগ্রাম-২৫ মে'২০২১খ্রিঃ

আসন্ন ঘূর্ণিঝড় ইয়াস মোকাবেলায় চট্টগ্রাম সিটি কর্পোরেশন দামপাড়াস্থ বিদ্যুৎ অফিসে ঘূর্ণিঝড় নিয়ন্ত্রণ কক্ষ চালু করা হয়েছে। চসিক মেয়র মো. রেজাউল করিম চৌধুরী নগরবাসীকে ঘূর্ণিঝড়ের ক্ষয়ক্ষতি সম্পর্কে চট্টগ্রাম সিটি কর্পোরেশন স্থাপিত নিয়ন্ত্রণ কক্ষে যোগাযোগ করার জন্য অনুরোধ জানান। নিয়ন্ত্রণ কক্ষের নম্বর ০৩১-৬৩০৭৩৯ অথবা ০৩১-৬৩৩৬৪৯।

(প্রেস বিজ্ঞপ্তি)

চসিকের ভ্রাম্যমান আদালত

গোল্ডেন হাইটস ইন্ডাস্ট্রিজ লিঃ বকেয়া হোল্ডিং ট্যাক্স বাবদ

প্রায় ১৫ লাখ টাকা আদায়

চট্টগ্রাম-২৫ মে'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ মঙ্গলবার নগরীর মোহরা ও কালুরঘাট শিল্প এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। আদালত পরিচালনাকালে ম্যাজিস্ট্রেট চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বকেয়া হোল্ডিং ট্যাক্স বাবদ রাজস্ব সার্কেল-২ এর আওতাধীন কালুরঘাট শিল্প এলাকার গোল্ডেন হাইটস ইন্ডাস্ট্রিজ লিঃ থেকে ৪ লাখ ৯০ হাজার ও হাজী ছাবের আহমদ টিম্বার এন্ড কন্টেইনার ইয়ার্ড থেকে ২ লাখ ২৪ হাজার টাকা ভ্রাম্যমান আদালতের মাধ্যমে আদায় করা হয়। এই অভিযানে বকেয়া ট্রেড লাইসেন্স ফি বাবদ মোহরাস্থ কামাল বাজার এলাকায় ০৬টি ব্যবসা প্রতিষ্ঠান থেকে ৫০ হাজার টাকা আদায়সহ ৭ লাখ ৬৪ হাজার টাকা আদায় করা হয়। এছাড়াও ট্রেড লাইসেন্স বিহীন ব্যবসা পরিচালনার দায়ে ০৪টি প্রতিষ্ঠানকে ৫ হাজার টাকা জরিমানা করেন ভ্রাম্যমান আদালত। সিটি কর্পোরেশনের বকেয়া হোল্ডিং ট্যাক্স ও ট্রেড লাইসেন্স ফি আদায়কল্পে এ অভিযান অব্যাহত থাকবে। আদালত পরিচালনা করেন সিটি কর্পোরেশনের স্পেসাল ম্যাজিস্ট্রেট জাহানারা ফেরদৌস। অভিযানে ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ।

সংবাদদাতা

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩